

স্মারক নং : ৫৭.২৫.০০০০.০০৪.০২.০৬৫.১৭- ০৪৪৯

তারিখ: ০২.০৮.২০১৭ খ্রিঃ।

বিষয়: সহিলাটি আঃ হালিম হুছাইনিয়া দাখিল মাদরাসার “সুপারিনটেনডেন্ট” পদে নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

- সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪(মাদরাসা-২) এর স্মারক নং-শিম/শাখা-২৪/বিবিধ-০-৮/২০০৮(অংশ/২৭৪), তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রিঃ।
(২) সহিলাটি আঃ হালিম হুছাইনিয়া দাখিল মাদরাসার ০৯.০৫.২০১৭ খ্রিঃ তারিখের আবেদন। প্রাপ্ত ১৯.০৬.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার তাড়াইল উপজেলার সহিলাটি আঃ হালিম হুছাইনিয়া দাখিল মাদরাসার সুপার (ভারপ্রাপ্ত) কর্তৃক সূত্রোক্ত (২) নং স্মারক মূলে তাঁর মাদরাসায় “সুপারিনটেনডেন্ট” পদে নিয়োগের নিমিত্ত সূত্রোক্ত (১) নং স্মারক মূলে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে জনাব ড. মোঃ মহাতাব হোসেনকে ডিজির প্রতিনিধি হিসেবে মনোনয়ন দেয়া হয়েছিল। কিন্তু ইতো মध्ये জনাব ড. মোঃ মহাতাব হোসেন এ অধিদপ্তর থেকে বদলি হয়ে অন্যত্র যোগদান করায় নিম্নবর্ণিত পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাকে মহাপরিচালক-এর পরিবর্তিত প্রতিনিধি মনোনয়ন করা হলো এবং ইতোপূর্বে প্রদত্ত প্রতিনিধি মনোনয়ন বাতিল করা হলো :

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	নিয়োগের বিষয়/পদ	পরিবর্তিত প্রতিনিধি
০১.	সহিলাটি আঃ হালিম হুছাইনিয়া দাখিল মাদরাসা, উপজেলা: তাড়াইল, জেলা: কিশোরগঞ্জ। মোবাইল নং-	০১। “সুপারিনটেনডেন্ট”	জনাব মোঃ সাইফুল ইসলাম উপ-পরিচালক (প্রশাসন) মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মোবাইল:- ০১৭১৮-০১৯৪৯০

শর্তাবলী :

- শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখ: ১১.১১.২০১৫ খ্রিঃ এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখ: ৩০.১২.২০১৫ খ্রিঃ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটানো যাবে না।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুলিপি ৬.৩ (গ) ও (ঘ) এবং প্রযোজ্য অন্যান্য অনুলিপি মোতাবেক প্যাটার্নভুক্ত গন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি/সর্বশেষে এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। ২৪ মার্চ ২০১৩ তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার অননুমোদিত/ অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসাবে অংশ গ্রহণ করা যাবে না।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুলিপি: ১১ (১) এবং পরিশিষ্ট মোতাবেক কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসাবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।
- মহিলা কোটা পূরণের ক্ষেত্রে ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুলিপি: ৯ (নয়) এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে) পূর্ণানুসরণে অনুসরণ করতে হবে।
- প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্নিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।
- শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সম্বন্ধিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধি হিসেবে মনোনীত কর্মকর্তার নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর থাকতে হবে।
- ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং মামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।
- মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পূর্ণানুসরণে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদরাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃ৪/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- “নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০% বেতন-ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে” শর্তটি ডিজির প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদরাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।

০৩. নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর ডিজির মনোনীত প্রতিনিধি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন।

বিতরণ:

১। জনাব মোঃ সাইফুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সুপার (ভারপ্রাপ্ত)

সহিলাটি আঃ হালিম হুছাইনিয়া দাখিল মাদরাসা।

ডাকঘর: তাড়াইল, উপজেলা: তাড়াইল, জেলা: কিশোরগঞ্জ।

(মোঃ বিদ্রাল হোসেন)

মহাপরিচালক

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৪৯৩৫৭০৫৯

ই-মেইল dgdmeb@gmail.com

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- সচিব, মাদরাসা ও কারিগরি বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা। (দু:আ:-সিনি: সহ:সচিব (মাদরাসা-২))
- জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাড়াইল।
- অফিস কপি।